কালের কণ্ঠ

তারিখ 29 AUG 2016
পৃষ্ঠা ১৯ কলাম ২

# ভবদহ এলাকায় বন্ধ ৩০০ শিক্ষাপ্রতিষ্ঠান

## পঞ্চম শ্রেণির মডেল টেস্ট স্থগিত

**ফখরে আলম, যশোর ▷**

যশোরের জলাবদ্ধ ভবদহ এলাকায় প্রায় ৩০০ শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ হয়ে গেছে। এ কারণে ৫০ হাজার শিক্ষার্থীর লেখাপড়া অনিশ্চিত হয়ে পড়েছে। কর্তৃপক্ষ পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষার মডেল টেস্ট স্থগিত ঘোষণা করেছে। সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে।

চলতি মাসে দুই দফা ভারি বর্ষণে যশোরের মণিরামপুর, কেশবপুর ও অভয়নগর উপজেলার বিল এলাকার ভবদহের বিস্তীর্ণ অঞ্চল তলিয়ে যায়। দেখা দেয় স্থায়ী জলাবদ্ধতা।

এই জলাবদ্ধতার কারণে বাড়িঘর, মাঠঘাটের পাশাপাশি এলাকার ৩০০ শিক্ষাপ্রতিষ্ঠান তলিয়ে গেছে। ফলে বন্ধ হয়ে যায় শিক্ষা কার্যক্রম। ওই সব শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে যেগুলোর ভবন দ্বিতল সেখানে দুর্গত মানুষ আশ্রয় নিয়েছে।

জানা যায়, মণিরামপুর উপজেলার ৫১টি প্রাথমিক বিদ্যালয়, ৩৭টি মাধ্যমিক বিদ্যালয় ও পাঁচটি কলেজ, কেশবপুর উপজেলার ৭৪টি প্রাথমিক বিদ্যালয়, ৪০টি মাধ্যমিক বিদ্যালয়, ৩০টি মাদ্রাসা ও পাঁচটি কলেজ, অভয়নগর উপজেলার ২৩টি প্রাথমিক বিদ্যালয় ও ২৫টি মাধ্যমিক বিদ্যালয় জলাবদ্ধতার কারণে বন্ধ হয়ে গেছে।

সরেজমিনে ঘুরে দেখা গেছে, শিক্ষাপ্রতিষ্ঠানের ভবনগুলোর কোনো কোনোটির সামনে কোমরপানি।

কেশবপুরের মধু শিক্ষানিকেতনের অষ্টম শ্রেণিতে পড়ে মেহেদি মোহাম্মদ জয়। তাদের বাড়ি মধ্যকুল গ্রামে। বাবা মশিয়ার রহমান মোটরসাইকেলের মিস্ত্রি। জয়দের বাড়িঘর তলিয়ে গেছে। ১৫ দিনের বেশি সময় ধরে তারা যশোর-সাতক্ষীরা সড়কে পলিথিন দিয়ে ঘর বানিয়ে বসবাস করছে।

মাদ্রাসার শিক্ষক শহিদুল ইসলাম কালের কণ্ঠকে বলেন, 'আমাদের মাদ্রাসায় ৩৪০ জন শিক্ষার্থী রয়েছে। জলাবদ্ধতার কারণে মাদ্রাসা বন্ধ করে দিলে দুর্গত মানুষ এখানে এসে আশ্রয় নেয়।'